



দেশে আ.লীগের ঝটিকা মিছিল কমেছে, জনগণ এখন নির্বাচনমুখী: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

আগের তুলনায় আওয়ামী লীগের ঝটিকা মিছিলের পরিমাণ কমেছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম। তিনি মনে করেন, জনগণ এখন নির্বাচনের প্রতি বেশি মনোযোগী হওয়ায় অপরাধ ও বিশৃঙ্খলার প্রবণতাও হ্রাস পাচ্ছে।

দেশে রাজনৈতিক পরিস্থিতি ক্রমেই স্থিতিশীল হচ্ছে বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম। তার মতে, আগের তুলনায় আওয়ামী লীগের ঝটিকা মিছিলের সংখ্যা এখন অনেক কমে গেছে।

বুধবার (৮ অক্টোবর) বিকেলে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) সদর দফতরে নতুন ২০টি গাড়ি হস্তান্তর অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, “এক সময় ঝটিকা মিছিল থেকে ২৪৪ জনকে হাতেনাতে আটক করা হয়েছিল। এরপর থেকে এমন ঘটনার সংখ্যা স্পষ্টভাবে কমে এসেছে। জনগণ ও রাজনৈতিক দলগুলো সহযোগিতা করলে এই প্রবণতা আরও হ্রাস পাবে।”

নির্বাচনকে কেন্দ্র করে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার ওপর গুরুত্ব দিয়ে স্বরাষ্ট্র উপদেষ্টা আরও বলেন, “জনগণ যখন নির্বাচনের প্রতি মনোযোগী হয়, তখন কেউই বিশৃঙ্খলা সৃষ্টি করতে পারে না। ইলেকশন কমিশনের কাজ সবচেয়ে বেশি, তারপর প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনীর। তবে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা জনগণের—তারা নির্বাচনমুখী হলে কোনো শক্তির সেটিকে বাধাগ্রস্ত করতে পারে না।”

এ সময় পুলিশ বাহিনীর যানবাহন সংকট প্রসঙ্গে তিনি জানান, “বহুদিন ধরেই পুলিশের পরিবহন স্বল্পতা ছিল। বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার পর ২০০টি নতুন গাড়ি ক্রয় করেছে। আজ তার অংশ হিসেবে ২০টি গাড়ি ডিএমপির হাতে তুলে দেওয়া হয়েছে।”

চলমান নির্বাচনী প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করতে প্রশাসনের পাশাপাশি জনগণের সহযোগিতা অপরিহার্য বলেও তিনি উল্লেখ করেন।